

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১০, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-০১ শাখা

প্রকাশন

তারিখ : ২৮ আশ্বিন ১৪২৯/১৩ অক্টোবর ২০২২

নং ৪৬.০০.০০০০.০৪৬.১৮.০৫৯.২০১৪(অংশ-১)-২১৮—উপজেলা পরিষদ (কার্যক্রম বাস্তবায়ন) বিধিমালা, ২০১০ এর ১৮ নং বিধি অনুযায়ী উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার যৌথভাবে উপজেলা পরিষদ তহবিল পরিচালনা করেন। মাদারীপুর জেলার নবগঠিত ডাসার উপজেলায় অদ্যবধি উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয়নি। সে কারণে উপজেলা পরিষদের তহবিল পরিচালনা এবং প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছে না।

০২। এ প্রেক্ষাপটে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৭২ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে, মাদারীপুর জেলার নবগঠিত ‘ডাসার’ উপজেলার উপজেলা পরিষদ গঠিত না হওয়া পর্যন্ত বা পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত উক্ত উপজেলার আর্থিক ও প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে ডাসার উপজেলার উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী এর যৌথ স্বাক্ষরে সংশ্লিষ্ট উপজেলা পরিষদ তহবিল পরিচালনার ক্ষমতা প্রদান করা হলো।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ সামছুল হক  
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

হাচিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

( ১৭৮১৫ )

মূল্য : টাকা ৪.০০